

E-Paper

আনন্দবাজার.com

 Log in

প্রথম পাতা

কলকাতা

পশ্চিমবঙ্গ ▾

দেশ

বিদেশ

সম্পাদকের পাতা ▾

আরও

[Anandabazar](#) / [West Bengal](#) / Today's news headlines 05 March 2025 dgtl

# কেন শিশুকে মেরে আত্মঘাতী কসবার দম্পতি। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি। আর কী কী নজরে


ছেলের দেহ নিজের সঙ্গে বেঁধে গলায় ফাঁস দিয়েছিলেন সোমনাথ। তাঁর স্ত্রীও গলায়  
ফাঁস দেন। সুমিত্রার পরিবারের দাবি, সম্পত্তি নিয়ে বিবাদের কারণেই আত্মঘাতী  
হয়েছেন ওই দম্পতি।

# আনন্দবাজারcom

গ্রাফিক: আনন্দবাজার অনলাইন।

## আনন্দবাজার অনলাইন ডেস্ক

শেষ আপডেট: ০৫ মার্চ ২০২৫ ০৬:২৫

Share 

Save

### সম্পত্তি নিয়ে বিবাদ না কি অনটন! কেন শিশুকে মেরে আত্মঘাতী কসবার দম্পতি

মঙ্গলবার সকালে কসবার হালতুতে সোমনাথ রায়, তাঁর স্ত্রী সুমিত্রা রায় এবং তাঁদের আড়াই বছরের পুত্রের দেহ উদ্ধার হয়। ছেলের দেহ নিজের সঙ্গে বেঁধে গলায় ফাঁস দিয়েছিলেন সোমনাথ। তাঁর স্ত্রীও গলায় ফাঁস দেন। সুমিত্রার পরিবারের দাবি, সম্পত্তি নিয়ে বিবাদের কারণেই আত্মঘাতী হয়েছেন ওই দম্পতি। তারা আঙুল তুলেছেন সোমনাথের মামা-মামির দিকে। ওই দু'জনকে গ্রেফতার করা হয়েছে। ধৃত দু'জনকে জেরা করেই কি মিলবে আরও তথ্য? জানা যাবে আত্মহত্যার কারণ? আজ নজর থাকবে এই ঘটনার তদন্তে।

আজকের আবহাওয়া

☞ সোমবার, ০৭ জুলাই ☞ কলকাতা, পশ্চিমবঙ্গ



সর্বাধিক তাপমাত্রা

৩১<sup>০</sup> সেলসিয়াস

## আজকের আবহাওয়া

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি ও চাপানউতর

মঙ্গলবার দিনভর থমথমে পরিবেশ ছিল যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস চত্বরে। ডিএসএফ-সহ কয়েকটি অতিবাম ছাত্র সংগঠনের ডাকা ‘পেন ডাউন’ কর্মসূচিতে মিশ্র প্রভাব পড়ে বিশ্ববিদ্যালয়ে। প্রথম বর্ষের স্নাতক এবং স্নাতকোত্তর স্তরের পরীক্ষা না-হলে, বাকি কাজকর্ম প্রায় সচলই ছিল। অন্য দিকে, ক্যাম্পাসের পরিস্থিতি দ্রুত স্বাভাবিক করতে উচ্চ পর্যায়ের বৈঠক করেন যাদবপুরের ভারপ্রাপ্ত উপাচার্য ভাস্কর গুপ্ত। ওই বৈঠকে ছিলেন জুটা, ওয়েবকুপা-সহ চারটি শিক্ষক সংগঠনের প্রতিনিধিরা। সেই বৈঠকেই বিচারবিভাগীয় তদন্তের প্রস্তাব দেন উপাচার্য। যা গৃহীত হয়। ক্যাম্পাস ছাড়াও, যাদবপুর চত্বরে শনিবারের ঘটনার প্রতিবাদে পথে নামেন পড়ুয়ারা। মিছিলও করেন। আজ বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি কেমন থাকে, নজর থাকবে সেই দিকে।

The logo for Anandabazar.com, featuring the text 'আনন্দবাজারcom' in a stylized font.

গ্রাফিক: আনন্দবাজার অনলাইন।

### আসন পুনর্বিন্যাস বিতর্ক: তামিলনাড়ুতে সর্বদল বৈঠক

জনসংখ্যার ভিত্তিতে আসন পুনর্বিন্যাসের জেরে রাজ্যে লোকসভার আসন সংখ্যা কমতে পারে আশঙ্কা প্রকাশ করেছেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এমকে স্ট্যালিন। ২০২৯-এর লোকসভা নির্বাচনের আগেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সরকার আসন পুনর্বিন্যাস করে লোকসভা কেন্দ্রের সংখ্যা বাড়িয়ে নিতে পারে বলে বিরোধীরা আশঙ্কা করছেন। জনসংখ্যা অনুযায়ী লোকসভায় সাংসদ সংখ্যাও বৃদ্ধি হওয়ার কথা। তা হলে হিন্দি বলয়ের রাজ্যগুলির তুলনায় দক্ষিণের রাজ্যগুলির সাংসদ সংখ্যা তেমন বাড়বে না বলে মনে করছেন বিরোধীরা। ফলে হিন্দি বলয়ের শক্তিশালী দল বিজেপি লাভবান হতে পারে বলে শঙ্কা দক্ষিণের অবিজেপি দলগুলির। তা নিয়ে বিতর্কও শুরু হয়েছে দক্ষিণের রাজ্যগুলিতে। এই আবহে আসন পুনর্বিন্যাস নিয়ে আজ তামিলনাড়ুতে সর্বদল বৈঠক ডেকেছেন স্ট্যালিন।

### আমেরিকা-ইউক্রেন সম্পর্ক এবং ট্রাম্পের বাণিজ্যযুদ্ধ

সংঘর্ষবিরতি চুক্তি নিয়ে রাশিয়ার সঙ্গে আলোচনায় বসার জন্য ইউক্রেনের উপর ক্রমশ চাপ বৃদ্ধি করছে আমেরিকা। ইউক্রেনকে সামরিক সাহায্য দেওয়া বন্ধ করে দিয়েছে হোয়াইট হাউস। ডোনাল্ড ট্রাম্পের সিদ্ধান্ত নিয়ে ফ্লোভ জমতে শুরু করেছে কিভের অন্দরে। পাশাপাশি, আমেরিকার শুল্কযুদ্ধের বাতাবরণও নতুন করে তপ্ত হয়ে উঠেছে। কানাডা, মেক্সিকো এবং চিনের উপর মঙ্গলবার থেকে শুল্কনীতি কার্যকর করার সিদ্ধান্ত নিয়েছে মার্কিন প্রশাসন। ‘পাল্টা’ ব্যবস্থা এবং বিকল্প নিয়ে প্রস্তুতি সেরে নিয়েছে কানাডা এবং মেক্সিকো। আমেরিকার বেশ কিছু খাদ্যপণ্য এবং বস্ত্রের উপর আমদানি শুল্ক বৃদ্ধি করেছে চীনও। এই অবস্থায় ট্রাম্পের নীতি এবং আমেরিকার কূটনৈতিক সিদ্ধান্তের দিকে নজর থাকবে আজ।

### আপাতত রাজ্যে তাপমাত্রার হেরফের হবে না, উত্তরে বৃষ্টি

রাজ্যে আগামী পাঁচ দিন তাপমাত্রার কোনও হেরফের হবে না। দিন বা রাতের তাপমাত্রা থাকবে একই। দক্ষিণবঙ্গ আপাতত শুষ্কই থাকছে। সেখানে বৃষ্টির পূর্বাভাস নেই। উত্তরবঙ্গে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ হালকা বৃষ্টি হতে পারে দার্জিলিঙে।

---